



কম্পিউটার সায়েন্স স্নাতক কোর্সে এবার আড়াইগুণেরও বেশি ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে

সৈয়দ আবদাল আহমদ ॥ দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলো তথ্যপ্রযুক্তির উপযুক্ত মানবসম্পদ গড়ে তোলার ওপর গুরুত্ব দিয়েছে। সরকারী-বেসরকারী ২৫টি বিশ্ববিদ্যালয়, ৪টি বিআইটি ও জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ২০টি কলেজের স্নাতক কোর্সের কম্পিউটার সায়েন্স বিভাগে এবার আগের চেয়ে আড়াইগুণেরও বেশি ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে আগে যেখানে কম্পিউটার সায়েন্সে দেড় হাজার ছাত্রছাত্রী ভর্তি করা হতো, এখন ভর্তি করা হচ্ছে ৪ হাজার ছাত্রছাত্রী। এ ছাড়া পাঁচটি বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সে বছরে ৩০০ তথ্যপ্রযুক্তিবিদ তৈরি করা শুরু হয়েছে। অন্যদিকে তিনটি সরকারী পলিটেকনিক ও ২৫টি প্রাইভেট ইনস্টিটিউটে প্রতি বছর ১১২০ জন ছাত্রছাত্রী কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা নিচ্ছে। তথ্যপ্রযুক্তির মানবসম্পদ বিষয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী প্রণীত একটি রিপোর্ট থেকে এ তথ্য জানা গেছে। আইটি টার্মফোর্সের সভায় সম্প্রতি এ রিপোর্টটি উপস্থাপন করা হয়। দেশের আইটি সেক্টর প্রসার না হওয়ার অন্যতম একটি কারণ হচ্ছে এ খাতে দক্ষ জনবল গড়ে না ওঠা। তবে বর্তমানে প্রতিটি বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্স বিভাগ ও কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং বিভাগে স্নাতক কোর্সে বেশিসংখ্যক ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। ফলে কয়েক বছরের মধ্যে দেশ স্নাতক ডিগ্রীধারী তথ্যপ্রযুক্তিবিদ পাবে। দেশের ৯টি সরকারী বিশ্ববিদ্যালয়, ১৬টি বেসরকারী বিশ্ববিদ্যালয়, ৪টি বিআইটি ও জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ থেকে বর্তমানে ১৫০০ কম্পিউটার সায়েন্স স্নাতক ডিগ্রীধারী বের হচ্ছে। এ বছর থেকে সরকারী বিশ্ববিদ্যালয়, অধিভুক্ত কলেজ ও

বিআইটিতে মোট ভর্তি করা হচ্ছে ১৬৩০ জন ছাত্রছাত্রী এবং বেসরকারী বিশ্ববিদ্যালয় ও কলেজে ভর্তি করা হচ্ছে ২৩৭০ জন ছাত্রছাত্রী। ফলে আগামী তিন বছরের মধ্যে বছরে ৪ হাজার করে স্নাতক কম্পিউটার সায়েন্স ডিগ্রীধারী তথ্যপ্রযুক্তিবিদ বের হবে। কম্পিউটার সায়েন্সের স্নাতক কোর্সে বুয়েটে ১২০ জন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৬০, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ৪০, খুলনা বিশ্ববিদ্যালয়ে ৪০, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৬০, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১২০ জন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৩০, ইসলামিক বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) ৬০ জন, জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ২০টি কলেজে ৮০০ জন, ৪টি বিআইটিতে ২৪০ জন এবং ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজিতে ৬০ জন ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ে ৬০০ জন, ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ২০০ জন, আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৫০ জন, এএমএ ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ে ১৫০ জন, হুজিপিএনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশে ১৫০ জন, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশে ১০০ জন, কুইন্স ইউনিভার্সিটিতে ১০০ জন, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে ২০০ জন, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ২০০ জন, বাংলাদেশ ইউনিভার্সিটিতে ৬০ জন, দারুল ইহসান ইউনিভার্সিটিতে ৮০ জন, কুমিল্লা ইউনিভার্সিটিতে ৬০ জন, ইউনিভার্সিটি অব সায়েন্স এ্যান্ড কমিউনিকেশন (ইউএসটিসি) চট্টগ্রামে ১০০ জন, ডিকারুননিসা ইউনিভার্সিটিতে ৬০ জন এবং মানারাত ইউনিভার্সিটিতে ৬০ জন মোট ২৩৭০ জন ছাত্রছাত্রী কম্পিউটার সায়েন্সে (স্নাতক কোর্সে) ভর্তি করা হচ্ছে।